

কালিমা

- অন্নিষ্ঠা

তোমার পিঠে একটা  
কালো তিল আছে-  
তুমি জানো না, আমি  
জানি; কালোর  
কালিমা তোমার  
মুখেও ফেলেনি ছায়া  
সে কলঙ্ক শুধুই  
আমার, কারণ  
তুমি পিছন ফিরে  
তাকাওনি কোনোদিন।

---      ---      ---